

# মুগ্ধিত্ব

## ইবি ছাত্রদের মারধরের মামলায় গ্রেফতার ২

● ইবি প্রতিনিধি

⌚ ১৬ মার্চ ২০২৩, ০২:২৮:২৯ | অনলাইন সংস্করণ



ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) দুই শিক্ষার্থীকে বহিরাগত বখাটেদের মারধরের ঘটনার দুজনের নাম উল্লেখ করে অজ্ঞতনামা ২০-২৫ জনের নামে মামলা করেছে প্রশাসন।

এ মামলার প্রধান আসামিসহ দুই জনকে গ্রেফতার করা হয়েছে। বুধবার সকাল ১০টার দিকে ক্যাম্পাস পার্শ্ববর্তী বস্ত্রপুর এলাকা থেকে তাদেরকে গ্রেফতার করে শৈলকৃপা থানা পুলিশ।

শৈলকৃপা থানার ওসি আমিনুল ইসলাম বিয়য়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, তারা কেউ আত্মসমর্পণ করেননি। বুধবার সকালে বিশেষ অভিযানে তাদেরকে গ্রেফতার করা হয়। আকাশ ও আলীম নামে মামলার প্রধান দুই আসামিকে বুধবার গ্রেফতার করা হয়েছে। এর আগে মামলার পর মঙ্গলবার ঝন্টু নামে একজনকে সন্দেহভাজন গ্রেফতার করে পুলিশ।

প্রসঙ্গত, সোমবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থীকে স্থানীয় বখাটেরা ক্যাম্পাসে এসে লেকে সামনে ছাত্র-ছাত্রীদের ভিডিও ধারণ করে। ভিডিও ডিলিট করতে বলা হলে বাকবিতঙ্গায় জড়ায় তারা।

এ ঘটনার জেরে ওইদিন বিকেলে বাইকের তেল কিনতে বাজারে গেলে চল্লম্ব মোটরসাইকেল থেকে ফেলে দিয়ে ২ ছাত্রের ওপর হামলা করা হয়। প্রতিবাদে সন্ধ্যা সাড়ে ছয়টা থেকে রাত সাড়ে দশটা পর্যন্ত কুষ্টিয়া-বিনাইদহ মহাসড়ক অবরোধ করে রাখেন বিশ্ববৃন্দ শিক্ষার্থীরা।

পরে শিক্ষার্থীদের ৩ দফা দাবি মেনে নেওয়ার আশাসে তারা আন্দোলন স্থগিত করে আন্দোলনকারীরা। এ ঘটনায় রেজিস্ট্রার বাদী হয়ে বহিরাগত অভিযুক্তদের বিরুদ্ধে মামলা করেন।

---

**সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯  
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,  
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও  
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by **The Daily Jugantor** © 2023